গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, সালথা, ফরিদপুর।
**https://doict.saltha.faridpur.gov.bd**

## সালথা উপজেলার আইসিটি সংক্রান্ত **সেপ্টেম্বর**/২০১৯ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ.হাসিব সরকার
উপজেলা নির্বাহী অফিসার
সালথা, ফরিদপুর ।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ৩০/০৯/২০১৯খ্রি:।
সময় : সকাল-১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলার আইসিটি সদস্যবৃন্দকে দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব সাইট হালনাগাদ ও ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>ক) সালথা উপজেলায় ওয়েব সাইটের হালনাগাদের কাজ খুবই ধীর গতিতে চলছে। বিভিন্ন বিভাগীয় দপ্তরের কর্মকর্তারা এ বিষয়ে একটু আন্তরিক হলে তা দ্রুত ফলাফল পাওয়া যাবে। তিনি ওয়েব পোর্টাল ট্রেনিং দেওয়া হবে এ বিষয়ে বিভিন্ন দপ্তরে কর্মকর্তা/কর্মচারীদের অবগত করেন এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সময়ে এ বিষয়ে সহযোগিতা প্রদান চলমান আছে বলে অবগতি করেন।<br>খ) ই-নথি আইডি শুধুমাত্র উপজেলার উপজেলা নির্বাহী অফিসে থাকলেও সেটি এখন আর চলমান নেই, এবং অন্যান্য অফিস প্রধানদের ই-নথির সুবিধা-অসুবিধার বিষয়ে অবহিত করা হয়। | এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>ক) সালথা উপজেলায় ওয়েব সাইটের হালনাগাদের কাজ খুবই ধীর গতিতে চলছে। বিভিন্ন বিভাগীয় দপ্তরের কর্মকর্তারা এ বিষয়ে একটু আন্তরিক হলে তা দ্রুত ফলাফল পাওয়া যাবে। তিনি ওয়েব পোর্টাল ট্রেনিং বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের গ্রুপ করে প্রদান করবেন এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সময়ে এ বিষয়ে সহযোগিতা প্রদান করছেন এবং সহযোগিতা প্রদান আরো বেগবান করবেন।<br>খ) উপজেলার উপজেলা নির্বাহী অফিসের ই-নথি কার্যক্রম চলমান করার সিদ্ধান্ত নেয়া হয় এবং অন্যান্য সকল অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি আইডি খোলা ও তা চলমান রাখার সিদ্ধান্ত নেয়া হয় এবং প্রশিক্ষণ নেয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), সালথা, ফরিদপুর।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সালথা, ফরিদপুর।<br>৩। উদ্যোক্তা (সকল) |
| ০২ | **ইউনিয়ন পর্যায়ে POP( Point of Presence) স্থাপন সংক্রান্তঃ** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, সালথা উপজেলার মধ্যে ৪টি ইউনিয়নে pop স্থাপনের কার্যক্রম চলমান আছে এবং ৪টি ইউনিয়ন ইতিমধ্যে POP থেকে ইন্টারনেট সুবিধা ভোগ করছেন। | ১। চলমান কাজ যাহাতে জরুরী ভিত্তিতে সম্পন্ন করা হয় এ জন্য জেলার নিযুক্ত সহকারী নেটওয়ার্ক প্রকৌশলী'র সাথে সার্বক্ষণিকভাবে যোগাযোগ রাখার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br>২। POP এর চলমান কাজ শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে প্রয়োজনীয় সহযোগিতা দেওয়ার জন্য অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সালথা, ফরিদপুর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | **BTCL কর্তৃক ইন্টারনেট এবং ভিডিও কনফারেন্স সিস্টেমের কানেকটিভিটি সংক্রান্তঃ** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>ক) উপজেলাতে কোন অফিস-ই বিটিসিএল/বিসিসি কর্তৃক প্রদানকৃত রাউটার ও ইন্টারনেট সংযোগ পায়নি। এ অবস্থায় | ১। যে সকল অফিস রাউটার পায়নি, সে সকল অফিস যেন রাউটার পায় সংশ্লিষ্ট বিটিসিএল/বিসিসি অফিসের সাথে প্রতিনিয়ত যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সালথা, ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | বিসিসি'র সাথে যোগাযোগ করে জানা যায় যে, প্রকল্প যেহেতু অনেক আগে সমাপ্ত হয়েছে সেহেতু রাউটার আর কোনভাবে পাওয়া সম্ভব নয়।<br>খ) বর্তমানে ভিডিও কনফারেন্স সিস্টেমটি অচল আছে বিধায় অন্যান্য অফিসের সাথে ভিডিও কনফারেন্স করা যাচ্ছে না। | ২। ভিডিও কনফারেন্স সিস্টেমটি যাতে সচল করা যায় সে বিষয়ে সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। | |
| ০৪ | **উপজেলা/ ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, সেপ্টেম্বর /১৯ মাসে পরিদর্শন করে জানা যায় যে, সালথা উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার বিভিন্ন সরকারি সেবা ও পরামর্শ দিয়া যাচ্ছে এবং ইউনিয়নের নারী উদ্যোক্তারা প্রায় সময় ডিজিটাল সেন্টারে উপস্থিত থাকেন না। | ১। জনগণের সরকারি সেবা নিশ্চিত প্রাপ্তির জন্য উদ্যোক্তারা যাতে নিয়মিত অফিসে অবস্থান করেন তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br>২। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে রক্ষিত নষ্ট মালামাল উদ্যোক্তাদের মাধ্যমে সার্ভিসিং এর ব্যবস্থা করা এবং যে সমস্ত ডিজিটাল সেন্টারে ল্যাপটপ, ডেস্কটপ, ক্যামেরা, ফটোকপি মেশিন, সোলার সিস্টেম নেই তা এলজিএসপি ফান্ড থেকে ক্রয়ের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br><br>২। উদ্যোক্তা (সকল ) |
| ০৫ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>ক) সালথা উপজেলার ০৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে যথাঃ গট্টি উচ্চ বিদ্যালয়, জয়ঝাপ উচ্চ বিদ্যালয় এবং মিতালী বিদ্যানিকেতন-এ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়মিত পরিদর্শণ করা হচ্ছে। পরিদর্শনকালে তিনি জানান যে, তিনটি প্রতিষ্ঠানেই ল্যাবের ব্যবহার সন্তোষজনক এবং ডিজিটাল ক্লাসরুম হিসেবেও তারা ল্যাব যথাযথ ব্যবহার করছেন। | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সালথা, ফরিদপুর।<br><br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), সালথা, ফরিদপুর। |
| ০৬ | মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম, শিক্ষক বাতায়ন পোর্টাল সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>ক) মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে সেপ্টেম্বর/১৯ মাসের রিপোর্ট অনুযায়ী পর্যবেক্ষণ করে দেখা যায় ১৫টি হাই স্কুল, ৫টি মাদ্রাসা এবং ১টি কলেজ এমপিওভুক্ত হয়েছে। এমপিওভুক্ত তালিকা অনুযায়ী মাল্টিমিডিয়া ক্লাস রুমের সর্বোচ্চ পারফরমেন্স অধিকারী হয়েছে কয়েকটি প্রতিষ্ঠান।<br>খ) শিক্ষক বাতায়ন পোর্টাল সম্পর্কে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ইতিমধ্যে শিক্ষকেরা শিক্ষক বাতায়ন পোর্টালে নিবন্ধনভুক্ত হয়েছেন তাতে দৈনিক কন্টেন্ট আপলোড, ডাউনলোড করছেন। | ১। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেম যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>২। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে যাতে শতভাগ রিপোর্ট ভালো হয় এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর অধিনস্থ সকল শিক্ষককে পত্রের মাধ্যমে জানিয়ে দেওয়ার বিষয়টি অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সালথা, ফরিদপুর।<br><br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সালথা, ফরিদপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ হাসিব সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সালথা, ফরিদপুর।

স্মারক নং- ৫৬.০৪.২৯৯০.০০০.০৬.০০২.১৯-০১

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ

**অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-২ ।
২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ ।
৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ ।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ।
৫. জেলা প্রশাসক, ফরিদপুর ।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর ।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সালথা, ফরিদপুর ।
৮. উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর ।
৯. সহকারী কমিশনার (ভূমি), সালথা, ফরিদপুর ।
১০. উপজেলা কৃষি অফিসার, সালথা, ফরিদপুর ।
১১. উপজেলা মৎস্য অফিসার, সালথা, ফরিদপুর ।
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সালথা, ফরিদপুর ।
১৩. অফিসার ইন-চার্জ, সালথা থানা, সালথা, ফরিদপুর ।
১৪. অধ্যক্ষ এর প্রতিনিধি, সালথা সরকারি কলেজ, সালথা, ফরিদপুর ।
১৫. উপজেলা প্রকৌশলী, সালথা, ফরিদপুর ।
১৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সালথা, ফরিদপুর ।
১৭. উপজেলা শিক্ষা অফিসার, সালথা, ফরিদপুর ।
১৮. প্রধান শিক্ষক, সালথা সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়, সালথা, ফরিদপুর ।
১৯. উপজেলা সমাজসেবা অফিসার, সালথা, ফরিদপুর ।
২০. উপজেলা সমবায় অফিসার, সালথা, ফরিদপুর ।
২১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সালথা, ফরিদপুর ।
২২. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সালথা, ফরিদপুর ।
২৩. উপজেলা তথ্য বিষয়ক কর্মকর্তা, সালথা, ফরিদপুর ।
২৪. প্রধান শিক্ষক, জয়ঝাপ উচ্চ বিদ্যালয়, সালথা, ফরিদপুর ।
২৫. উপ সহকারী প্রকৌশলী, বিটিসিএল, ফরিদপুর ।
২৬. অধ্যক্ষ এর প্রতিনিধি, পল্লী নবকাম কলেজ, সালথা, ফরিদপুর ।
২৭. উপজেলা ........................................... অফিসার, সালথা, ফরিদপুর ।
২৮. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সালথা, ফরিদপুর ।
২৯. অফিস কপি ।

৩০/০৯/১৯

(টিপু সুলতান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সালথা, ফরিদপুর।